# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৪৫৯

৩৪/ রক্তপণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ৯. কাসামার দ্বারা কিসাস গ্রহণ না করা।

باب فِي تَرْكِ الْقَوَدِ بِالْقَسَامَةِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيِّ بْنِ رَاشِدٍ، أَخْبَرَنَا هُشَيْمٌ، عَنْ أَبِي حَيَّانَ التَّيْمِيِّ، حَدَّثَنَا عَبَايَةُ بْنُ رِفَاعَةَ، عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ، قَالَ أَصْبَحَ رَجُلٌ مِنَ الأَنْصَارِ مَقْتُولاً بِخَيْبَرَ فَانْطَلَقَ أَوْلِيَاؤُهُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَذَكَرُوا ذَلِكَ لَهُ فَقَالَ " لَكُمْ شَاهِدَانِ يَشْهَدَانِ عَلَى قَتْلِ صَاحِبِكُمْ " . قَالُوا يَا رَسُولَ اللَّهِ لَمْ يَكُنْ ثَمَّ أَحَدٌ مِنَ الْمُسْلِمِينَ وَإِنَّمَا هُمْ يَهُودُ وَقَدْ يَجْتَرِئُونَ عَلَى أَعْظَمَ مِنْ هَذَا . قَالَ " فَاخْتَارُوا مِنْهُمْ خَمْسِينَ فَاسْتَحْلِفُوهُمْ " . فَأَبَوْا فَوَدَاهُ النَّبِيُّ صلى الله عليه وسلم مِنْ عِنْدِهِ .

বাংলা

৪৪৫৯. হাসান ইবন আলী (রহঃ) ..... রাফি ইবন খাদীজ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আনসারদের এক ব্যক্তি খায়বর নামক স্থানে নিহত হয়। তখন তার উত্তরাধিকারিগণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হয়ে এ ব্যাপারে তাঁকে অবহিত করেন। তিনি বলেনঃ তোমাদের কাছে কি এমন দু’জন সাক্ষী আছে, যারা নিহত ব্যক্তির পক্ষে সাক্ষ্য প্রদান করবে? তারা বলেঃ ইয়া রাসূলাল্লাহ! সেখানে তো কোন মুসলিম ছিল না, তারা তো সবাই ইয়াহূদী। তারা এর চাইতে জঘন্য কাজ করেও চিন্তা করে না। এরপর তিনি বলেনঃ তোমরা তাদের থেকে পঞ্চাশজনকে বেছে নাও এবং তাদের শপথ প্রদান করাও। এতে তারা আপত্তি করলে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের পক্ষ হতে তাদের দিয়াত দিয়ে দেন।

## English

Narrated Rafi' ibn Khadij:

A man of the Ansar was killed at Khaybar and his relatives went to the Prophet (ﷺ) and mentioned that to him. He asked: Have you two witnesses who can testify to the murderer of your friend? They replied: Messenger of

Allah! there was not a single Muslim present, but only Jews who sometimes have the audacity to do even greater crimes than this. He said: Then choose fifty of them and demand that they take an oath; but they refused and the Prophet (ﷺ) paid the blood-wit himself.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36565

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন